দৈনিক সংবাদ

APR. 20 2002

তারিখ ...
পৃষ্ঠা ১৭ কলাম ৫

# 'শিক্ষা ও ভাত-কাপড়ের লড়াই বিচ্ছিন্ন কিছু নয়'

শিক্ষা ও ভাত-কাপড়ের লড়াই একটি অন্যটি থেকে বিচ্ছিন্ন কিছু নয়। একটিকে রেখে অন্যটির লড়াই যুক্তিযুক্ত নয়। ভাত, কাপড়, বাসস্থান ও চিকিৎসা না পেলে সমাজে কোন মানুষ শিক্ষা গ্রহণের কাজে আগ্রহী হয় না। তাই শিক্ষা ও ভাত-কাপড়ের লড়াই পাশাপাশি চালিয়ে যাওয়া সচেতন ছাত্র সমাজের দায়িত্ব ও কর্তব্য।

গতকাল শুক্রবার সকালে বাংলাদেশ ছাত্রলীগের (বাসদ) এক পাঠচক্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিন সংলগ্ন মাঠে অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ ছাত্রলীগের (বাসদ) সভাপতি ইমাম গাজ্জালীর সভাপতিত্বে অনুষ্ঠিত পাঠচক্র অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক রহমান মিজান, সহ-সাধারণ সম্পাদক ইকরাম হোসেন রুমেল, দপ্তর সম্পাদক এম. মোর্শেদ খান টুটুল, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক উৎপলা ক্রান্তি, অর্থ-সম্পাদক রহিমা আক্তার মনি, সহিদুর রহমান টিটু; মাসুদ খান প্রমুখ। সংবাদ বিজ্ঞপ্তি।